

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

বাংলাদেশের সাহিত্য

কোর্স পি. জি. - ৪.৩

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. “মোহাম্মদ আলী জিন্নাহর দ্বি-জাতি তত্ত্ব ভ্রান্ত ছিল। কতটা ভ্রান্ত? যতটা সত্য ছিল শেখ মুজিবুর রহমানের দ্বি-জাতিতত্ত্ব।” প্রাবন্ধিক সিরাজুল ইসলাম চৌধুরীর বক্তব্যের নিরিখে কেন জিন্নাহর দ্বি-জাতিতত্ত্ব ভ্রান্ত আর মুজিবুর রহমানের দ্বি-জাতিতত্ত্ব সত্য হয়ে দেখা দিল, বাংলাদেশের তৎকালীন রাজনৈতিক প্রেক্ষাপটের সাপেক্ষে তা ব্যাখ্যা করো। ১০

অথবা

১খ. পূর্ব-পাকিস্তান পর্বে ভাষা সংস্কারের নামে শাসকদের নির্দেশে কীভাবে বাংলাভাষা ও বাঙালিচেতনার বিকৃতি ঘটানো হয়েছিল—তথ্য ও উদাহরণসহ তা বিশ্লেষণ করো। ১০

২ক. ‘স্মৃতির আগুনে জ্বলে’ (অংশ) এবং ‘আমি কিংবন্তীর কথা বলছি’ (অংশ) কবিতা দুটিতে দেশের রাজনৈতিক সংজ্ঞার্থের বাইরে একটি ‘স্মৃতি’ ও ‘কিংবন্তীর’ দেশে কথা কীভাবে প্রস্তাবিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ১০

(Turn over)

( 2 )

অথবা

২খ. 'কতদূর এগোল মানুষ'—বিস্ময় আর সংশয়ে 'প্রকৃতি' কবিতাটির শুরু হলেও শেষ পর্যন্ত আধুনিক সভ্যতার সমালোচনা হিসেবে এটিকে না পড়ে উপায় থাকে না পাঠকের। আল মাহমুদের 'প্রকৃতি' কবিতাটিকে তুমিও কি এভাবে পড়বে? লেখো। ১০

অথবা

২গ. বাংলাদেশের কবিতা বলতে আমরা যা পড়ি—তা একই সঙ্গে বাঙালির স্বপ্ন ও স্বপ্নভঙ্গের ইতিবৃত্ত। তোমার পড়া কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

৩ক. 'আত্মজা ও একটি করবী গাছ' গল্পে করবী গাছটি কীসের প্রতীক? গল্পটির মধ্য দিয়ে হাসান আজিজুল হক পূর্ব-পাকিস্তানের বিপন্ন সময়ের যে চালচিত্র তুলে এনেছেন, গল্পের সাপেক্ষে তা ব্যাখ্যা করো। ১০

অথবা

৩খ. 'মালতী' নামের মেয়েটির গল্প কীভাবে অনন্ত মৃত্যুযাত্রার গল্প হয়ে ওঠে—বিপ্রদাস বড়ুয়ার 'মৃত্যুই ধ্রুব জীবনের পরপারে' গল্পটি অবলম্বনে তা বিশ্লেষণ করো। ১০

৪ক. 'চিলেকোঠার সেপাই' উপন্যাসের সমাপ্তি বাক্যে কথকের বিবৃতিতে জানা যায় পুরনো ওসমান গণিকে আর 'শনাক্ত' করার জো নেই। ওসমান গণি কীভাবে এই নতুন 'পরিচিতি' অর্জন করেছে বলে তুমি মনে কর—তা নিজের ভাষায় বুঝিয়ে দাও। ১০

( 3 )

অথবা

৪খ. উনসত্তর-এর গণঅভ্যুত্থানে আসলে কিছুর 'না-করতে-পারাই' ওসমানকে এক অনিবার্য উন্মত্ততার দিকে ঠেলে দেয়। ওসমানের 'পাগল-হয়ে-ওঠা'-র প্রসঙ্গটি মাথায় রেখে এই মন্তব্যটির বিচার করো। ১০

— X —